

মহান বিজয় দিবসে বিএসএমএমইউ'র মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খানের শ্রদ্ধাঞ্জলি নিবেদন  
সকল ষড়যন্ত্র রুখে দিয়ে মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে চলমান উন্নয়নের ধারা  
অব্যাহত রাখতে হবে: উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান বলেছেন, বর্তমানেও দেশে স্বাধীনতারবিরোধী গোষ্ঠী সক্রিয় থেকে ষড়যন্ত্র করছে। আগামী বছর জাতীয় নির্বাচন। এ নির্বাচনকে সামনে রেখে নানামুখী ষড়যন্ত্র হচ্ছে। সকল ষড়যন্ত্র রুখে দিয়ে জাতির পিতা বঙ্গবন্ধু কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সূচিত উন্নয়নের ধারা অব্যাহত রাখা-ই হোক মহান বিজয় দিবস ২০১৭-এর অঙ্গীকার। এজন্য দেশবাসীকে ও নিজ নিজ প্রতিষ্ঠানের সবাইকে সতর্ক ও ঐক্যবদ্ধ থাকতে হবে। ঐক্যবদ্ধভাবে দেশবাসীকে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাতকে শক্তিশালী রাখতে হবে। আজ ১৬ ডিসেম্বর ২০১৬ইং তারিখে সকাল ৬টা ৪০ মিনিটে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের বি ব্লকের নীচতলায় জাতির জনকের ম্যুরালে এবং সকাল ৯টায় সাভার জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অপর্ণের মাধ্যমে শ্রদ্ধাঞ্জলি নিবেদন শেষে তিনি এসব কথা বলেন। মাননীয় উপাচার্য জাতির জনকের ম্যুরালে শ্রদ্ধাঞ্জলি নিবেদনের পরে অত্র বিশ্ববিদ্যালয়ের বি ব্লকের সামনে জাতীয় পতাকা ও বিশ্ববিদ্যালয়ের নিজস্ব দলীয় পতাকা উত্তোলন করেন। এসময় উপস্থিত সকলে সমবেত কণ্ঠে জাতীয় সঙ্গীত পরিবেশন করেন। শ্রদ্ধাঞ্জলি নিবেদন কালে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান ছাড়াও এ বিশ্ববিদ্যালয়ের সম্মানিত উপ-উপাচার্য (গবেষণা ও উন্নয়ন) অধ্যাপক ডা. মোঃ শহীদুল্লাহ সিকদার, উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ, কোষাধ্যক্ষ অধ্যাপক ডা. মোঃ আলী আসগর মোড়ল, ডেন্টাল অনুষদের ডীন অধ্যাপক ডা. গাজী শামীম হাসান, প্রক্টর অধ্যাপক ডা. মোঃ হাবিবুর রহমান দুলাল, অতিরিক্ত রেজিস্ট্রার ও ট্রান্সফিউশন মেডিসিন বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ডা. মোঃ আসাদুল ইসলাম, পরিচালক (পরিদর্শন) অধ্যাপক ডা. একেএম সালেহ, সিডিকেট মেম্বার অধ্যাপক ডা. ছয়েফ উদ্দিন আহমেদ, পরীক্ষা নিয়ন্ত্রক জনাব মোঃ ইফতেখার আলম, গ্রাজুয়েট নার্সিং বিভাগের চেয়ারম্যান অধ্যাপক মেবেল ডি রোজারিও, পরিচালক (অর্থ ও হিসাব) জনাব মোঃ আবদুস সোবহান প্রমুখসহ বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের প্রশাসনের ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ, শিক্ষক, শিক্ষার্থী (রেসিডেন্টবৃন্দ), গ্রাজুয়েট নার্সিং বিভাগের সম্মানিত শিক্ষক ও ছাত্রছাত্রীবৃন্দ, এ বিশ্ববিদ্যালয়ের চিকিৎসক, কর্মকর্তা, নার্স, ও কর্মচারীবৃন্দ অংশগ্রহণ করেন। মহান বিজয় দিবস উপলক্ষে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান এরপর এ বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক কেন্দ্র (টিএসসি)তে প্রধান অতিথি হিসেবে বঙ্গবন্ধুর ভাষণ ও মুক্তিযুদ্ধের গান পরিবেশনা, বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধের ছবি প্রদর্শনী, মাদার অফ হিউম্যানিটি জননেত্রী শেখ হাসিনার ছবি ডিসপ্লে, মুক্তিযুদ্ধ নিয়ে কবিতা আবৃত্তি, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম ও সাফল্য, স্বপ্ন দৈর্ঘ্য ছবি প্রদর্শনী: “আমার বন্ধু রাশেদ” ইত্যাদি কর্মসূচীর গুণ্ড উদ্বোধন করেন। মহান বিজয় দিবস উপলক্ষে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের ভর্তিকৃত রোগীদের জন্য উন্নত খাবার পরিবেশন করা হয়।

